

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

অসম্মান ও লাঞ্ছনার কারণ

১৭. গুনাহ্ গুনাহ্পার ব্যক্তির অসম্মান ও লাপ্থনার কারণ হয়। সম্মান তো একমাত্র আল্লাহ্ তা'আলার আনুগত্যের মধ্যেই নিহিত।

আল্লাহ্ তা'আলা বলেন:

□مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلهِ الْعِزَّةُ جَمِيْعًا □.

"কেউ সম্মান চাইলে তার জানা উচিৎ যে, সকল সম্মান আল্লাহ্'র জন্যই তথা তাঁরই আনুগত্যে নিহিত''। (ফাত্বির : ১০)

'হাসান বসরী (রাহিমাহুল্লাহ্) বলেন: গুনাফাাররা যদিও উন্নত মানের ঘোড়া ও খচ্ছেরে সাওয়ার হয় তবুও গুনাহ্'র লাঞ্ছনা তাদের অন্তর থেকে কখনো পৃথক হয় না। আল্লাহ তা'আলা যে কোনভাবে গুনাফাারকে লাঞ্ছিত করবেনই।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6590

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন